

যাচাই তালিকা

রিটেলারের (বিক্রেতার) কাছে যাওয়ার আগে যা যা সম্ভব করে নেবেন; ইন্টারনেট, ফোন, পত্রিকা ইত্যাদি ব্যবহার করুন,

- আপনার সন্তানের ওজন ও উচ্চতা পরীক্ষা করে দেখুন
- আপনার গাড়ির জন্য কোন্‌ সীট উপযুক্ত / অনুপযুক্ত তা জেনে নিন
- যে সীটে ECE R44.03 বা R44.04 চিহ্ন আছে শুধু সেটা কিনবেন
- নির্বাচিত রিটেলারের কর্মচারীরা ট্রেনিংপ্রাপ্ত কিনা তা নিশ্চিত করে নেবেন
- রিটেলার যাতে সীট বসিয়ে ও পরীক্ষা করে দেয় তা নিশ্চিত করে নেবেন
- সীটটা আপনার সন্তান ও আপনার গাড়ীর উপযুক্ত কি না তা নিশ্চিত করে নেবেন
- যে সীটে সরল ও স্পষ্ট স্থাপনের (ফিটিং) নির্দেশ আছে তেমন সীট বেছে নেবেন
- কিভাবে স্থাপন করতে হয় সে ব্যাপারে রিটেলারের কাছ থেকে নির্দেশ নিয়ে নেবেন
- আপনি সেটা বসানোর সময় তাদের দেখে নিতে বলবেন ও সেটা ঠিকমত বসানো হয়েছে কি না পরীক্ষা করে নিতে বলবেন
- সব সময় উৎপাদকের সব নির্দেশগুলি ভালোমত অনুসরণ করবেন

আইনের সংক্ষিপ্ত বিবরণ

বাহন চালক হিসাবে আপনার যা দায়িত্ব সে বিষয়ে নির্দেশ

কে জড়িত?	সামনের সীটে বসা	পেছনের সীটে বসা	কার দায়িত্ব?
চালক	ফিট করা থাকলে সীটবেল্ট পরতে হবে		চালক
3 বছরের কমবয়সী ছেলেমেয়ে	ছোটদের সুরক্ষাদায়ক সীমাবদ্ধ করার ব্যবস্থা ব্যবহার করতে হবে	ছোটদের সীমাবদ্ধ করার সঠিক ব্যবস্থা ব্যবহার করতে হবে। ট্যাক্সিতে তেমন ব্যবস্থা না থাকলে এমনি যাতায়াত করতে করা যায়।	চালক
3য় জন্মদিন থেকে 135 সেমি উচ্চতা পর্যন্ত (বা 12 তম জন্মদিন পর্যন্ত, যেটা আগে হবে)	ছোটদের সুরক্ষাদায়ক সীমাবদ্ধ করার ব্যবস্থা ব্যবহার করতে হবে	যেখানে সীটবেল্ট আছে সেখানে ছোটদের সঠিক সীমাবদ্ধ করার ব্যবস্থা ব্যবহার করতে হবে। সঠিক সীমাবদ্ধ করার ব্যবস্থা না থাকলে প্রাপ্তবয়স্কদের সীটবেল্ট ব্যবহার করতে হবে, এগুলি এইসব ক্ষেত্রে প্রযোজ্য : - ট্যাক্সিতে - অপ্রত্যাশিত প্রয়োজনে সামান্য দূরত্বে - ছোটদের সীমাবদ্ধ করার দুটি সীটে অল্পবয়সী যাত্রী রয়েছে ও তৃতীয়টা বসানো সম্ভব না	চালক
12 বা 13 বছরের কিংবা 135 সেমির বেশী উচ্চতার ছেলেমেয়ে	ফিট করা থাকলে সীটবেল্ট পরতে হবে	ফিট করা থাকলে সীটবেল্ট পরতে হবে	চালক
প্রাপ্তবয়স্ক যাত্রী	ফিট করা থাকলে সীটবেল্ট পরতে হবে	ফিট করা থাকলে সীটবেল্ট পরতে হবে	যাত্রী

দন্ড

আপনি যদি আইন মান্য না করেন আপনাকে :

- শাস্তি দেওয়া যায় যদি আপনার গাড়িতে 14 বছরের কমবয়সী ছেলেমেয়ে থাকে ও ছোটরা সঠিক সুরক্ষাদায়ক সীমাবদ্ধ করার ব্যবস্থা বা সীটবেল্ট না পরে। 14 বছরের বেশী বয়সী নিজেরা দায়ী হবে
- যদি দেখা যায় ছোট ছেলেমেয়ের সুরক্ষাদায়ক সীমাবদ্ধ করার বন্দোবস্ত নেই তাহলে আপনাকে একটি নিশ্চিত পরিমাণ অর্থ দন্ড দিতে হবে বা পেনালটি পয়েন্ট পাওয়ার সম্ভাবনা থাকবে
- প্রাপ্য ক্ষতিপূরণে বাধা পাবেন। যদি গাড়িতে কারুর সঠিক সুরক্ষাদায়ক সীমাবদ্ধকরণ ব্যবস্থা না থাকে তাহলে দুর্ঘটনা ঘটলে প্রাপ্য অর্থ কম করে দেওয়া যায়।

সীটবেল্টের আইন ছাড়াও যারা বিপজ্জনকভাবে যাত্রীদের নিয়ে গাড়িতে যাতায়াত করে তাদের জন্যও আইন রয়েছে। এটা আরো গুরুতর অপরাধ এবং এতে £2,500 পর্যন্ত জরিমানা ও তিনটি পেনালটি পয়েন্টের দন্ড দেওয়া হবে।

আপনি যাতে দোষী প্রমাণিত না হন সেই চেষ্টা করা সবচেয়ে শ্রেয়।